**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**18 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==================================================================

১) একদিনের বিরতির পর আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে দিসপুরে আরম্ভ/

(২) যোগীঘোপাতে আভ্যন্তরীণ জল পরিবহণ টার্মিনালের উদ্বোধন/ এর মাধ্যমে উন্নয়নের গতি ত্বরান্বিত হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের আশা প্রকাশ/

(৩) নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে দেশের মুখ্য নির্বাচন কমিশনার হিসেবে নিযুক্তি প্রদান/

(৪) মহিলা সবলীকরণের ক্ষেত্রে গ্রহণ করা পদক্ষেপের জন্যে আসাম শ্রেষ্ঠ ডিজি পে সখী রাজ্য হিসেবে পরিগণিত/

একদিনের বিরতির পর আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে দিসপুরে আরম্ভ হবে । আগামীকাল বিধানসভায় প্রশ্নোত্তর কালের পর রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হবে । আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে- গতকাল কোকরাঝাড়ে অনুষ্ঠিত বাজেট অধিবেশনের প্রথম দিনের বৈঠকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার দাখিল করা বিপ্লব কুমার শর্মা কমিশনের প্রতিবেদনে প্রকাশিত কয়েকটি প্রসঙ্গ সম্পর্কে শূন্যকালে আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে । উল্লেখ্য- ২০১৩ এবং ২০১৪ সালে আসাম লোকসেবা আয়োগের বাছাই করা অসামরিক সেবার আধিকারিক নিযুক্তির ক্ষেত্রে সংঘটিত কেলেঙ্কারী সম্পর্কে হাইকোর্ট অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা প্রায় তিন বছর পূর্বে প্রতিবেদন দাখিল করেছিলেন । তবে এই প্রতিবেদন বিধানসভায় দাখিল করা হয়নি ।

এদিকে আগামী বিশে ফেব্রুয়ারি আসাম বিধানসভার বাজেট অধিবেশনের কার্যক্রমণিকা অনুষ্ঠিত হওয়ার পর পরবর্তী দশদিন সভার কোনো বৈঠক হবেনা । পরে আগামী তেসরা মার্চ থকে সাত মার্চ পর্যন্ত বিধানসভার বৈঠক পুনরায় অনুষ্ঠিত হবে । দশ মার্চ রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওগ সভায় ২০২৫-২৬ অর্থবছরের জন্য রাজ্যের সাধারণ বাজেট উত্থাপন করবেন । বাজেট সম্পর্কিত আলোচনার জন্যে আগামী ১১ এবং ১২ই মার্চ- এই দুটি দিন আলাদা করে রাখা হয়েছে । ১৩ই মার্চ থেকে ২০শে মার্চ পর্যন্ত বিধানসভার স্থায়ী সমিতিগুলির বৈঠকের জন্য সভার কাজকর্ম স্থগিত

থাকবে ।  এরপর আগামী ২১, ২৪ এবং ২৫শে মার্চ সভার কাজকর্ম হবে এবং ২৫শে মার্চ আসাম বিধানসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হবে ।

---

কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ বঙ্গাইগাঁও জেলার যোগীঘোপায় অভ্যন্তরীণ জল পরিবহন টার্মিনেলের উদ্বোধন করেন ।অনুষ্ঠানে ভূটানের শিল্প , বানিজ্য ও নিয়োগ মন্ত্রী নামগিয়াল দর্জী সহ রাজ্য সরকারের বেশ কয়েকজন মন্ত্রী উপস্থিত ছিলেন ।কেন্দ্রীয় সরকারের আভ্যন্তরীণ জল পরিবহন কর্তৃপক্ষের উদ্যোগে যোগীঘোপায় ব্রহ্মপুত্রের পারে ১৫ একর জমিতে এই টার্মিনেলটি নির্মাণ করা হয়েছে ।৮২ কোটি টাকা ব্যয়ে টার্মিনেলটির প্রথম পর্যায়ের নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে ।এই টার্মিনেলটির মাধ্যমে ভারত , পার্শ্ববর্তী ভূটান এবং বাংলাদেশের মধ্যে জলপথে ব্যবসা বানিজ্য সহজ ও সুলভ হবে বলে আশা করা হচ্ছে ।

---

কেন্দ্রীয় সরকারের ন্যাশনেল কাউন্সিল অব টিচার্স এডুকেশন আসামের পাঁচটি কলেজকে দ্বৈত ডিগ্রির স্বীকৃতি প্রদান করেছে । জাতীয় শিক্ষানীতি-২০২০ অনুসারে এন সি টি ই’র অধীনে শিবসাগর

কমার্স কলেজ, শিবসাগর মহিলা কলেজ, টিয়ক’এর সি কে বি কলেজ, ডিগবয় কলেজ এবং লক্ষীমপুর মহিলা কলেজকে এই স্বীকৃতি প্রদান করা হয়েছে । উল্লেখ্য- আসামের প্রায় ৩৫০টি কলেজের মধ্যে ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠান এপর্যন্ত দ্বৈত ডিগ্রির স্বীকৃতি লাভ করেছে । রাজ্যের শিক্ষা মন্ত্রী ডাঃ রণোজ পেগু নতুন করে দ্বৈত ডিগ্রির স্বীকৃতি লাভ করা কলেজগুলিকে অভিনন্দন জানিয়েছেন ।

---

নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে দেশের নতুন মুখ্য নির্বাচন কমিশনার হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । মুখ্য নির্বাচন কমিশনার হিসেবে রাজীব কুমারের কার্যকাল আজ শেষ হচ্ছে । ১৯৮৮ সালের কেরালা ক্যাডারের প্রাক্তন ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক জ্ঞানেশ কুমার সংসদীয় পরিক্রমা মন্ত্রণালয়ের সচিব পদে কার্যনির্বাহ করেন । জ্ঞানেশ কুমারকে মুখ্য নির্বাচন কমিশনার হিসেবে নিযুক্তি দেওয়ার পর ১৯৮৯ সালের হরিয়ানা ক্যাডারের ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক ডঃ বিবেক যোশীকে নতুন নির্বাচন কমিশনার হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই দুই কমিশনারকে নিযুক্তি দিয়েছেন ।

---

গৌহাটী হাইকোর্ট আজ ইউটিউবার আশিস চাঞ্চলানির অন্তবর্তীকালিন জামিন মঞ্জুর করেছে ।সামাজিক মাধ্যমে অশোভনীয় মন্তব্য করার অভিযোগে আসাম পুলিশের অপরাধ শাখা আশিস সহ আরো কয়েকজনের বিরুদ্ধে মামলা দায়ের করে আদালতে হাজির হওয়ার জন্য শমন জারি করেছিল । আজ

হাইকোর্টের বিচ্যরপতি মৃদুল কলিতার বিচারপীঠ এই মামলার শুনানি গ্রহণ করে তার অন্তবর্তীকালিন জামিন মঞ্জুর করে ।তবে আদালত তাকে সাতদিনের মধ্যে তদন্তকারী আধিকারীকের কাছে হাজির হওয়ার নির্দেশ দিয়েছে ।উল্লেখ্য একই মামলায় হাইকোর্ট রণবীর এলাহাবাদিয়া নামের আরো একজন ইউটিউবারের জামিন মঞ্জুর করেছিল ।আগামী সাত মার্চ পুনরায় এই মামলার শুনানি গ্রহণ করা হবে ।

---

আয়ের সঙ্গে সামঞ্জস্যহীন সম্পত্তি অর্জন মামলায় মুখ্যমন্ত্রীর তদারকি কোষ আজ ডিফু মেডিক্যাল কলজের প্রাক্তন সহযোগী অধ্যাপক ডাঃ মৃদুপবন নাথকে গুয়াহাটীর রূপনগর এলাকা থেকে গ্রেপ্তার করেছে ।গ্রেপ্তারের পর ডা নাথকে বিশেষ আদালতে হাজির করানো হলে আদালত জিজ্ঞাসাবাদের জন্য তাকে তিনদিনের তদারকী কোষের হেফাজতে প্রেরণ করে ।উল্লেখ্য আয় থেকে ১৮১ শতাংশ অধিক স্থাবর অস্থাবর সম্পত্তি অর্জনের তথ্য প্রমাণের ভিত্তিতে ডাঃ নাথের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছিল ।

---

মহিলা সবলীকরণের ক্ষেত্রে গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের জন্যে আসাম শ্রেষ্ঠ ডিজি পে সখী রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । মহিলাদের উন্নয়ন ও কল্যাণের লক্ষ্যে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপের আওতায় প্রায় ২৫ কোটি ৫৫ লক্ষেরও বেশি টাকা

বিনিয়োগ করেছে । মুখ্যমন্ত্রীর কার্যালয়ের সূত্রে প্রকাশ করা অনুযায়ী ডিজি পে সখীর শ্রেষ্ঠ রাজ্যের তালিকায় আসামের পর কর্ণাটক, ঝাড়খন্ড, ছত্তিসগড় এবং মহারাষ্ট্র রয়েছে ।

---

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান এবং জলসেচ বিভাগের মন্ত্রী অশোক সিংহল আজ কাছাড় জেলার স্বাস্থ্য পরিষেবা খতিয়ে দেখেন । জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে আয়োজিত পর্য্যালোচনা বৈঠকে মন্ত্রী শ্রী সিংহল জানান যে রাজ্যের সব হাসপাতালে ৯৯ শতাংশ জরুরী ঔষধের মজুত রয়েছে । স্বাস্থ্য ক্ষেত্রে স্বচ্চতা ও কার্য্যকারিতা বাড়াতে মন্ত্রী শ্রী সিংহল ৯৮৬৪৫ ৪১৪৩০ নম্বরের একটি হোয়াটসঅ্যাপ নম্বর চালু করেছেন । যেখানে সাধারন মানুষ ঔষধের ঘাটতির অভিযোগ জানাতে পারবেন ।

---

শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য আজ জেলা আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত জাতীয় সড়ক সুরক্ষা মাসের সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করে সড়ক সুরক্ষা ক্ষেত্রে জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট দপ্তরগুলোর যৌথ প্রয়াসের প্রশংশা করেন ।তিনি বলেন যে ধারাবাহিক সচেতনতার প্রচার ও কঠোর ট্রাফিক নিয়ম প্রয়োগের ফলে ২০২৪ সালে সড়ক দূর্ঘটনায় মৃত্যুর হার উল্লেখযোগ্য ভাবে হ্রাস পেয়েছে ।অনুষ্ঠানে পৌরহিত্য করেন

জেলা আয়ুক্ত মৃদুল যাদব ।অনুষ্ঠানে গত পয়লা জানুয়ারী থেকে ৩১ শে জানুয়ারী পর্যন্ত মাসব্যাপী সড়ক সুরক্ষা কর্মসূচীর সমাপ্তি উপলক্ষে বিভিন্ন দপ্তর , স্বেচ্ছাসেবী সংগঠন , ছাত্রছাত্রীদের মধ্যে পুরস্কার ও শংসাপত্র তুলে দেওয়া হয় ।অনুষ্ঠানে জেলা পুলিশ সুপার নুমাল মাহাতো , অতিরিক্ত জেলা আয়ুক্ত অন্তরা সেন প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট মৃদুল যাদব এক বিজ্ঞপ্তিতে ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত এলাকায় শান্তি ও আইন শৃংখলা বজায় রাখতে ভারতীয় দন্ডবিধির ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিশেধাজ্ঞা জারী করেছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে সূর্য্যস্ত থেকে সূর্যোদয় পর্য্যন্ত সান্ধ্য আইন বলবৎ থাকবে । এছাড়া সুরমা নদীতে মাছ ধরতে হলে কাটিগড়া চক্র আধিকারীক থেকে আগাম অনুমতি নিতে হবে এবং সীমান্তের পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে চাল, চিনি , গম ,ভোজ্য তেল নিয়ে কেগ চলাচল করতে পারবে না । আগামী দু মাস এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার লালা শিক্ষা খন্ডের অধীন খন্ড প্রাথমিক শিক্ষা আধিকারীক তপন প্রজাপতি নিম্ন মানের স্কুল ইউনিফর্ম সাপ্লাই করার অভিযোগে লালা শহরের হিন্দুস্থান ক্লোথ স্টোর নামের ভেন্ডারের

বিরুদ্ধে  মামলা দায়ের করেছেন । জেলা শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় জানান যে অভিভাবক মন্ত্রীর নির্দেশে আজ জেলার শিক্ষা আধিকারীকরা বিভিন্ন বিদ্যালয়ে স্কুল ইউনিফর্ম পরীক্ষা করেছেন । পরিদর্শনকালে লালার হিন্দুস্থান ক্লথ স্টোরের নিম্ন মানের ইউনিফর্ম প্রদানের তথ্য সামনে আসার পর এই ভেন্ডারের বিরুদ্ধে মামলা দায়ের করার সিদ্ধান্ত হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় অসম প্রিমিয়ার ক্লাব কাপ প্রতিযোগীতায় টানা ষষ্টবার বিজয়ী হয়েছে ব্লাড মাউথ ক্লাব । নেতাজী সুভাস চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের ফাইনাল খেলায় ব্লাড মাউথ ক্লাব ১০৯ রানের বিশাল ব্যবধানে রাইজিং ইয়ং স্টার ক্লাবকে পরাজিত করে । ফাইনালের সেরা খেলোয়াড় হয়েছেন রাজ্জিত পাল চৌধুরী । খেলা শেষে জেলা ক্রিড়া সংস্থার সভাপতি গৌতম রায় , সচিব শৈবাল সেনগুপ্ত খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দিয়েছেন ।

---

---